দৈনিক সংবাদ

APR 03 2002

# ঢাকা বিশ্ববিদ্যাল
# ছাত্র ইউনিয়নের
# আন্দোলন কর্মসূচি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢা
বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় শিফট চালুর প্রস্তাবে
প্রতিবাদে এবং টিএসসির প্রগতিশী
সাংস্কৃতিক সংগঠনগুলোর ওপ
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিভিন্ন নিষেধাজ্ঞ
প্রতিবাদে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ৮
এপ্রিল টিএসসিতে প্রতিবাদ-সমাবেশ, ১৩
এপ্রিল ক্যাম্পাসে বিক্ষোভ এবং ২০
এপ্রিল উপাচার্যের কাছে স্মারকলিপি পে
করবে।

মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে
ডাকসু ভবনে এক সংবাদ সম্মেলনে ছা
ইউনিয়ন এ কর্মসূচির ঘোষণা করে। সংবা
সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, ঢাক
বিশ্ববিদ্যালয় শাখার ছাত্র ইউনিয়নে
সাধারণ সম্পাদক রাজু আহমেদ। এসময়
আরো উপস্থিত ছিলেন, শরীফুজ্জামা
শরিফ, নুর আলম, বাকিবিল্লাহ প্রমুখ
সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ অবিলম্বে দ্বিতীয়
শিফট চালুর প্রক্রিয়া বন্ধ এবং টিএসসির
সাংস্কৃতিক সংগঠনগুলোর ওপর থেকে
সকল প্রকার নিষেধাজ্ঞা তুলে নেওয়ার দাবি
জানান।